# দিনাজপুর জেলার বিরল উপজেলা চোরাচালান প্রতিরোধ কমিটির জুলাই /২০২৬ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী।

সভাপতিঃ মোঃ রেজাউল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
বিরল, দিনাজপুর।

আলোচ্য মাসঃ জুন/২০২৬খ্রিঃ
তারিখঃ ১৩/০৭/২০২৬ খ্রিঃ
রোজঃ সোমবার
সময়ঃ সকাল- ১১.১৫ ঘটিকা
স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের সভা কক্ষ।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' ও 'খ' তে দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি উপজেলা চোরাচালান প্রতিরোধ কমিটির গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর চোরাচালান সংক্রান্ত বিষয়ে বিরল উপজেলায় চোরাচালান পরিস্থিতি নিয়ে সংশ্লিষ্ট কমিটির সদস্যবৃন্দের মধ্যে ব্যাপক আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ক। | মাদক ক্রয় এবং বিক্রয় রোধে বিরল উপজেলায় বিভিন্ন রাস্তায় লাইসেন্স বিহীন মটর সাইকেল ও যানবাহনের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, বিরল, দিনাজপুর।<br>২। অফিসার ইনচার্জ, বিরল থানা, বিরল। |
| খ। | চিহ্নিত চোরাকারবারী/মাদক বিক্রেতাদের আইনের আওতায় আনার চেষ্টা অব্যাহত রাখতে নিয়মিত মাদকবিরোধী অভিযান পরিচালনার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। বর্তমান দেশের পরিস্থিতিতে মাদক/ অস্ত্র চোরাচালান/ অবৈধ পারাপার বিস্তার রোধ করার লক্ষ্যে সীমান্তে বিজিবি'র টহল জোরদার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | ১। অফিসার ইন-চার্জ, বিরল থানা, দিনাজপুর।<br>২। কোম্পানী কমান্ডার (কিশোরীগঞ্জ ও এনায়েতপুর বিওপি), বিরল, দিনাজপুর। |
| গ। | বিরল উপজেলার বিভিন্ন সীমান্তবর্তী এলাকা দিয়ে কেরোসিন, পেট্রোল, ডিজেল, পশুর চামড়াসহ অন্যান্য দ্রব্যাদি পাচার হতে পারে মর্মে সকলকে সর্বদা সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ করা হলো। মাদক বিরোধী অভিযান ফলপ্রসূ করতে সংশ্লিষ্ট সংস্থা/বিভাগকে অভিযান পরিচালনার পূর্বে গোপনীয়তা বজায় রেখে অভিযান পরিচালনা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | কোম্পানী কমান্ডার (সকল), বিরল, দিনাজপুর। |
| ঘ। | চোরাচালান নিরোধ কার্যক্রম বৃদ্ধির লক্ষ্যে দৃশ্যমান অভিযান পরিচালনা অব্যাহত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হলো। | ১। উপজেলা নির্বাহী অফিসার, বিরল।<br>২। অফিসার ইনচার্জ, বিরল থানা। |
| ঙ। | বিরল উপজেলায় বিজিবি ক্যাম্প এবং সীমান্ত এলাকার ০(শূন্য) লাইনের ১৫০ গজ দূরত্বে (No Man's Land) এলাকার মধ্যে ০৩(তিন) ফুট বা তার বেশি উচ্চতার যেকোন ফসল চাষ না করার বিষয়ে কৃষকদেরকে নিরুৎসাহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। | ১। উপজেলা কৃষি অফিসার, বিরল, দিনাজপুর।<br>২। কোম্পানী কমান্ডার (কিশোরীগঞ্জ ও এনায়েতপুর বিওপি), বিরল, দিনাজপুর।<br>৩। সংশ্লিষ্ট ইউ.পি চেয়ারম্যানবৃন্দ (সকল)। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৩/৭/২৬

মোঃ রেজাউল ইসলাম
সভাপতি
উপজেলা চোরাচালান প্রতিরোধ কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
বিরল, দিনাজপুর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরল, দিনাজপুর
www.birol.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭১৭.০০০.১৪.০১৫.২৪-২০৪৪

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩৩ / ২৭ জুলাই ২০২৬

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১. জেলা প্রশাসক, দিনাজপুর।

২. অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, দিনাজপুর।

৩. উপজেলা.............................................................অফিসার, বিরল, দিনাজপুর।

৪. অফিসার ইন-চার্জ, বিরল থানা, দিনাজপুর।

৫. উপজেলা আইসিটি অফিসার, বিরল, দিনাজপুর। তাকে কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৬. কোম্পানী কমান্ডার, কিশোরীগঞ্জ/এনায়েতপুর বিওপি, বিরল, দিনাজপুর।

৭. চেয়ারম্যান.................................................................... ইউ, পি, (সকল), বিরল, দিনাজপুর।

৮. জনাব..............................................বিরল, দিনাজপুর।

৯. অফিস কপি।

২৭.৭.২৬

উপজেলা নির্বাহী অফিসার
বিরল, দিনাজপুর।